

গবেষণায় বরাদ্দ আরো বাড়ানো হবে- শিক্ষামন্ত্রী

ঢাকা, ১২ ফেব্রুয়ারি ২০১৮

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, উচ্চতর গবেষণায় সরকার সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে। গবেষণায় বরাদ্দ বাড়ানো অব্যাহত থাকবে। ফলপ্রসূ গবেষণার ফলে কৃষিসহ নানাক্ষেত্রে উন্নয়ন সম্ভব হয়েছে। গবেষণা ও নতুন জ্ঞান সৃষ্টির মাধ্যমে আমাদের সমস্যাগুলো সমাধান করতে হবে। গবেষণার মাধ্যমেই বিদ্যমান সমস্যা থেকে মুক্তি পাওয়া সম্ভব।

শিক্ষামন্ত্রী আজ ঢাকায় জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) অডিটোরিয়ামে শিক্ষাখাতে উচ্চতর গবেষণা সহায়তা কর্মসূচি বিষয়ক কর্মশালা ও চেক হস্তান্তর অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন। বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) এ অনুষ্ঠানের আয়োজন করে।

শিক্ষামন্ত্রী বলেন, ২০০৯ সাল থেকে শিক্ষাখাতে উচ্চতর গবেষণা সহায়তা কর্মসূচি চালু করা হয়েছে। উন্নত প্রযুক্তির উদ্ভাবন, প্রয়োগ এবং তা ফলপ্রসূভাবে কাজে লাগানোর উদ্দেশ্যে এ কর্মসূচি চালু করা হয়। এর মাধ্যমে দক্ষতাসম্পন্ন বিজ্ঞানী, প্রযুক্তিবিদ এবং সমাজবিজ্ঞানী গড়ে তোলাই লক্ষ্য। তিনি বলেন, বেসরকারি বিনিয়োগকারীদেরও গবেষণায় বিনিয়োগে এগিয়ে আসতে হবে।

শিক্ষামন্ত্রী আরো বলেন, শিক্ষাখাতে উচ্চতর গবেষণা সহায়তা কর্মসূচির আওতায় এ পর্যন্ত ৩৬৮টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। এর মধ্যে ১৫২টি গবেষণা প্রকল্প বাস্তবায়িত হয়েছে, যার অনুকূলে ২৯ কোটি ৬৩ লাখ টাকা ব্যয় হয়েছে। তিনি বলেন, গবেষণায় যথাযথ বিষয় বাছাই করতে হবে। যা সমাজে বিদ্যমান সমস্যা সমাধানে বা নতুন উদ্ভাবনে ভূমিকা রাখবে।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব আব্দুল্লাহ আল হাসান চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যেও মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন, বাছাই কমিটির সভাপতি প্রফেসর ড. মেসবাবুদ্দিন আহম্মেদ এবং ব্যানবেইস-এর পরিচালক মো. ফসিউল্লাহ বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে ২০১৫-১৬ অর্থবছরের ৫৮টি প্রকল্পের ৩য় কিস্তি, ২০১৬-১৭ অর্থবছরের ৬৯টি প্রকল্পের ২য় কিস্তি এবং ২০১৭-১৮ অর্থবছরের ৫০টি প্রকল্পের ১ম কিস্তির টাকার চেক হস্তান্তর করা হয়। এ অর্থবছরে মোট ৮৯টি গবেষণা প্রকল্পে অর্থ সহায়তা দেয়া হচ্ছে।

মোহাম্মদ আফরাজুর রহমান
সিনিয়র তথ্য অফিসার
শিক্ষামন্ত্রণালয়
মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯